গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় ঃ ২৫ শে মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রস্তুতিমূলক সভা।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ১২-০৩-২০২০ |
| সময় | ঃ | দুপুর ১২.০০ টা |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

আলোচনা ঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি বক্তব্যের শুরুতেই গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তিনি মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বলেন যে, ১৯৭১ সালের এই দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে তাঁর নেতৃত্বে জাতি ঐক্যবদ্ধভাবে মহান স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। কষ্টার্জিত এই স্বাধীনতা যেন ম্লান না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে এবং যার যার অবস্থান থেকে দেশগঠনমূলক কাজ করতে আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) ২৫ শে মার্চ গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে গত বছরের কার্যক্রম এবং এ বছরের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কর্মসূচি সম্পর্কে সবাইকে অবহিত করেন। আসন্ন ২৫ শে মার্চ ২০২০ গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থা জাতীয় অনুষ্ঠানের সাথে মিল রেখে স্ব-স্ব উদ্যোগে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের বিষয়ে গুরুত্বারোপ করেন। সভায় উপস্থিত সকল সদস্যের আলোচনা-মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

২। (i) **২৫ মার্চ গণহত্যা দিবস পালনের কর্মসূচি ঃ**

(ক) জাতীয় গণহত্যা দিবস পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে ২৫ শে মার্চ ২০২০ খ্রিঃ রাত ০৯.০০ টা হতে ৯:০১ পর্যন্ত ০১ মিনিটের প্রতীকী "ব্ল্যাক-আউট" কর্মসূচি (কেপিআই/জরুরি স্থাপনা/চলমান যানবাহন ব্যতীত) পালন করা হবে। জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে নৌপরিবহন মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থা বাস্তবায়ন করবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা।**

৩। (ii) **২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালনের কর্মসূচি ঃ**

ক) আসন্ন মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২০ উপলক্ষ্যে প্রতিবারের ন্যায় এবারও যথাযথ মর্যাদা ও গুরুত্বের সাথে উদ্‌যাপন করতে হবে। কেন্দ্রিয় অনুষ্ঠান মালার সাথে সামঞ্জস্য রেখে সকল কর্মসূচি গ্রহণ করা হবে। মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থার ভবনসমূহে সূর্যোদয়ের সাথে সাথে পতাকা বিধি অনুসারে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। এ বিষয়ে দপ্তর প্রধানগণ পতাকা বিধি প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবেন।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা।**

(অঃ পৃঃ দ্রঃ)

(পূর্ব পৃষ্ঠা হতে শুরু)

খ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রতিটি দপ্তর/সংস্থা তাদের ভবন/স্থাপনাগুলোতে আলোক সজ্জা করবে। ২৬ ও ২৭ তারিখ মোট ২ (দুই) দিন ব্যাপী আলোকসজ্জা করবে। কোনভাবেই ২৫-০৩-২০২০ তারিখে আলোকসজ্জা করা যাবে না। এ ক্ষেত্রে, কোনো ধরনের বৈদ্যুতিক দুর্ঘটনা যেন না ঘটে সেদিকে নজর রাখতে হবে। ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের নৌযানসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন মানানসই রঙের পতাকা দ্বারা সজ্জিত করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা।**

(গ) সদরঘাটসহ অন্যান্য দপ্তর সংস্থার গুরুত্বপূর্ণ জনবহুল স্থানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের তাৎপর্য এবং দেশের উন্নয়ন অগ্রগতি বিষয়ে প্রচার করা হবে। এছাড়াও স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২০ উপলক্ষ্যে মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থার জেলা পর্যায়ের অফিসসমূহ প্রতিটি জেলায় আয়োজিত রাষ্ট্রীয় অনুষ্ঠান গুলোতে অংশগ্রহণ করবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ সকল দপ্তর/সংস্থা**

ঘ) চট্টগ্রাম, মোংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়ণগঞ্জ) ও বরিশালসহ বিআইডব্লিউটিসি'র ঘাটে বাংলাদেশ নৌবাহিনী ও বাংলাদেশ কোষ্ট গার্ড এককভাবে/যৌথভাবে এবং চাঁদপুরে ও মুন্সীগঞ্জ লঞ্চঘাটে বাংলাদেশ কোষ্ট গার্ডের জাহাজসমূহ এককভাবে বিকাল ২ টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখবে। উক্ত কর্মসূচি সফলভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি।**

(ঙ) সদরঘাট থেকে আশুলিয়া পর্যন্ত নৌপথে বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে দেশাত্মবোধক সংগীত অনুষ্ঠানের আয়োজন করা হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ বিআইডব্লিউটিসি, বিআইডব্লিউটিএ ও নৌপরিবহন অধিদপ্তর।**

চ) নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত মুক্তিযুদ্ধের ভিডিও চিত্রসহ এ মন্ত্রণালয়ের বিভিন্ন উন্নয়নমূলক অর্জন সমূহের উপর নির্মিত ভিডিও ডকুমেন্টারী বড় আকারের ডিসপ্লেতে দর্শনার্থীদের প্রদর্শনের জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা।**

(ছ) জাতীয় কমিটি কর্তৃক নির্ধারিত নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন করা হলে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ বিআইডব্লিউটিএ।**

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
১৫-০৩-২০২০
মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব

(অঃ পৃঃ দ্রঃ)

(পূর্ব পৃষ্ঠা হতে শুরু)

নং ১৮.০০.০০০০.০১৬.২৩.০০৭.২০ ৪৯৮ তারিখ: ১৯-০৩-২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম।
৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৭। উপসচিব/উপপ্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা, (সকল)।
৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১০। সহকারী সচিব/সহকারী প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১১। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট/সহকারী মেনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সহকারী একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব মহোদয়ের দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) (সকল)।
১৫। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব/যুগ্মপ্রধান মহোদয়ের দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব/যুগ্মপ্রধান মহোদয়ের সদয় অবগতির জন্য) (সকল)।

R. Sultana
১৯.০৩.২০২০
রেবেকা সুলতানা
উপসচিব
ফোন ঃ ৯৫১৫৫৫১।

নং ১৮.০০.০০০০.০১৬.২৩.০০৭.২০ ৪৯৮/(২) তারিখ: ১৯-০৩-২০২০

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসাওে নয়) ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

রেবেকা সুলতানা
উপসচিব